তারিখ 19 DEC 1995
পৃষ্ঠা ২২ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

115

# ঢাকা ভার্সিটির শিক্ষকের উপর হামলার ঘটনা রহস্যজনক

মেডিকেল রিপোর্টার ।। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের শিক্ষক নুবান আহমদের উপর হামলার ঘটনার রহস্য পুলিশ গতকাল সোমবার রাত পর্যন্ত উদঘাটন করিতে পারে নাই। গত রবিবার রাত্রে তাহাকে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজার নিকট কয়েক ব্যক্তি রক্তাক্ত অবস্থায় পড়িয়া থাকিতে দেখিয়া পুলিশকে সংবাদ দেয়। তেজগাঁও থানার পুলিশ তাহাকে উদ্ধার করিয়া ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়া যায়। তাহার মাথায় আঘাতের চিহ্ন ছিল। গতকাল মাথায় অস্ত্রোপচার শেষে তাঁহাকে পোষ্ট অপারেটিভ ওয়ার্ডে রাখা হয়। তাহার অবস্থা আশংকাজনক। তেজগাঁও জোনের সহকারী পুলিশ কমিশনার জানান, উক্ত শিক্ষকের উপর হামলার ঘটনাটি ছিনতাইর ঘটনা নয়। ঘটনার দিন সন্ধ্যায় মোহাম্মদপুর স্যার সৈয়দ রোডের বাসা হইতে তিনি একটি ক্যামেরা নিয়া বাহির হন। তাহার ক্যামেরা ও মানিব্যাগে রক্ষিত টাকা সঙ্গে পাওয়া যায় বলিয়া সহকারী পুলিশ কমিশনার জানান। হত্যা করার উদ্দেশ্যে উক্ত শিক্ষকের উপর হামলা করা হয় বলিয়া পুলিশ আশংকা করিতেছে। পুলিশ তদন্ত অব্যাহত রাখিয়াছে।